# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 22-09-2025** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর -

১) কেন্দ্র নবরাত্রির প্রথম দিনে ২৫ লক্ষ পরিবারকে পি এম উজ্জ্বলা যোজনার আওতায় নতুন করে গ্যাস সংযোগ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

দেবী পক্ষের সূচনায় দেশজুড়ে আজ পণ্য পরিষেবা কর জিএসটি-র পরিবর্তীত হার কার্যকর হয়েছে।

২) সরকারী কর্মচারীদের মহার্ঘ্যভাতা সংক্রান্ত মামলায় রাজ্য সরকার আজ সুপ্রিম কোর্টে লিখিত বক্তব্য জমা দিয়েছে।

৩) বর্ধমান বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার পদ নিয়ে বিতর্কের জেরে উপাচার্যের পর এবার থানায় অভিযোগ দায়ের করলেন রেজিস্ট্রার সুজিত কুমার চৌধুরী।

৪) উত্তর-পূর্ব বঙ্গোপোসাগর ও সংলগ্ন এলাকায় সৃষ্ট ঘূর্ণাবর্তটি আজ নিম্নচাপে পরিণত হয়েছে। আগামী ২৪ ঘণ্টায় এটির উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হওয়ার কথা।

৫) ইস্টবেঙ্গল কলকাতা প্রিমিয়ার ডিভিশন লিগ ফুটবল খেতাব জয় করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্র নবরাত্রির প্রথমদিনে ২৫ লক্ষ পরিবারকে পিএম উজ্জ্বলা যোজনার আওতায় নতুন করে গ্যাসের সংযোগ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। যে সমস্ত মা ও বোন আজ এই প্রকল্পের সঙ্গে যুক্ত হলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, তাঁদের সকলের প্রতি শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমের এক বার্তায় তিনি বলেছেন, সরকারের এই পদক্ষেপ পবিত্র এই উৎসবকে আরও আনন্দময় করে তুলবে তাই নয়, নারী ক্ষমতায়নের পথও প্রশস্ত করবে।

উল্লেখ্য, ৯ দিন ব্যাপী নবরাত্রি উৎসবের আজ সূচনা হয়েছে। রাবণের বিরুদ্ধে রামের বিজয়, অর্থাৎ অশুভ শক্তির বিরুদ্ধে শুভশক্তির জয়ের প্রতীক এই উৎসব শেষ হবে দশেরা বা বিজয়াদশমীর দিন

এদিকে, দেবী পক্ষের সূচনায় দেশজুড়ে আজ পণ্য পরিষেবা কর জিএসটি-র পরিবর্তিত হার কার্যকর হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, সংশোধিত হারে জিএসটি বলবৎ হওয়ার পাশাপাশি জিএসটি-র সাশ্রয় উৎসবেরও আজ সূচনা হলো। জাতির উদ্দেশে গতকাল এক ভাষণে শ্রী মোদী বলেন, পণ্য পরিষেবা করের নতুন হার এক দেশ – এক করের স্বপ্নকে বাস্তবায়িত করবে।

রাজ্যপাল ডক্টর সিভি আনন্দ বোস বলেছেন, জিএসটি হ্রাস করার ফলে বাংলা উপকৃত হবে এবং যা কিছু ভারতে তৈরি করা যায়, তা ভারতেই তৈরি করতে হবে। আর কেনাকাটার সময় মেড-ইন-ইন্ডিয়া জিনিষকে অগ্রাধিকার দিতে হবে।

(বাইট – রাজ্যপাল)

এদিকে, বিজেপি পরবর্তী প্রজন্মের জিএসটি নিয়ে বিভিন্ন লোকসভা কেন্দ্রে প্রচারাভিযান চালাবে। দলের রাজ্য সভাপতি ও রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য বলেছেন, দলের সাংসদরা আজ থেকে ২৭ তারিখ পর্যন্ত নিজেদের লোকসভা কেন্দ্রে এই প্রচার চালাবেন। সকাল ও বিকেলে এক ঘন্টা করে এই কর্মসূচী চলবে।

দলের সর্বভারতীয় সভাপতি জগৎ প্রকাশ নাড্ডাও এই প্রচারাভিযানে অংশ নেবেন।

শ্রী ভট্টাচার্য আজ বাগুইহাটি বাজারে এই প্রচার কর্মসূচীতে অংশ নেন। পরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি জানান, ছোটো মুদিখানা থেকে গাড়ির দোকান পর্যন্ত সব ব্যবসায়ীইরা জিএসটির নতুন হারের জন্য প্রধানমন্ত্রীকে স্বতঃস্ফূর্ত অভিনন্দন জানিয়েছেন। পরবর্তী প্রজন্মের জিএসটিতে নিত্য প্রয়োজনীয় দ্রব্য থেকে গণপরিবহন পর্যন্ত সবক্ষেত্রেই করের হার কমেছে। স্বাস্থ্য বীমার ক্ষেত্রে জিএসটি সম্পূর্ণ মকুব এবং ক্যান্সার সহ বিভিন্ন জীবন দায়ী ওষুধের দাম কমানো হয়েছে। দুর্গা পুজোয় এটিই প্রধানমন্ত্রীর সবচেয়ে বড় উপহার বলে মন্তব্য করেন শমীকবাবু।

০০০০০০০০০০০০০০০০০০০০

জি এস টি হারের পরিবর্তিত নিয়ম অনুযায়ী চারটি স্ল্যাব থেকে কমে এখন দুটি স্ল্যাবে পণ্য পরিষেবা কর নেওয়া হবে। এই সরলীকরণের ফলে আজ থেকে দাম কমেছে অনেক কিছুর।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – কাশফিন)

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার এবারের দুর্গাপুজোকে স্বচ্ছতা ও পরিছন্নতার উদাহরণ হিসেবে গড়ে তুলতে চায়। এই লক্ষ্যে প্রতিটি জেলায় পুজো মণ্ডপগুলিতে নির্মল দুর্গাপুজো অভিযান চালানোর নির্দেশ দেওয়া হয়েছে। শুধু তাই নয়, স্বচ্ছতার কাজের ভিডিও ফুটেজ পরিবেশ দপ্তরে পাঠানোর কথাও বলা হয়েছে। প্রশাসন সূত্রে জানা গেছে, ২৫ সেপ্টেম্বর থেকে দোসরা অক্টোবর পর্যন্ত এই অভিযান চলবে। কর্মসূচিতে ত্রিস্তর পঞ্চায়েতের জন প্রতিনিধিরা, স্বনির্ভর গোষ্ঠী এবং স্বচ্ছতার কাজে নিযুক্ত কর্মীদেরও

অন্তর্ভুক্ত করার নির্দেশ দেওয়া হয়েছে। যে জায়গাগুলোতে জঞ্জাল বা আবর্জনা জমে রয়েছে, সেগুলো চিহ্নিত করে পরিস্কার করার উদ্যোগ নিতে হবে। এছাড়াও প্লাস্টিকের বিকল্প ব্যবহারে সচেতনতা বাড়ানো এবং স্বেচ্ছাশ্রমের মাধ্যমে পরিছন্নতার কাজে অন্যান্যদের যুক্ত করার পরামর্শ দেওয়া হয়েছে। পুজো মণ্ডপসহ জনবহুল এলাকায় স্বচ্ছতা প্রচারের ব্যানার ও পোস্টার লাগানোর কথাও নির্দেশে উল্লেখ করা হয়েছে।

oooooooooooooooooooooo

নদীয়ার ঐতিহ্যবাহী কৃষ্ণনগর রাজবাড়িতে আজ প্রতিপদ তিথিতে হোমকুণ্ড প্রজ্বালনের মধ্য দিয়ে সূচনা হয় দুর্গোৎসবের। রাজপরিবারের উত্তরাধিকারীরা বিশেষ এই দিনে উপস্থিত ছিলেন। ইতিহাস প্রসিদ্ধ নাট মন্দিরে বিশেষ পূজাপাঠ ও নানা আচার-অনুষ্ঠান।

প্রাচীন এই রীতিনীতি প্রত্যক্ষ করতে অনেক দর্শনার্থী ভিড় জমান রাজবাড়ি প্রাঙ্গণে।

oooooooooooooooooooooo

সেবা ও সুশাসন, অর্থাৎ জনসেবা ও সুশাসনের মন্ত্র দ্বারা পরিচালিত, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার রূপান্তর ও অগ্রগতি আনতে অক্লান্ত পরিশ্রম করে চলেছে। আজ, এই বিশেষ - 'সেবা পর্ব'-এ, আমরা আপনাদের সামনে তুলে ধরছি কিভাবে মোদী সরকার স্মার্ট সিটি মিশনের মাধ্যমে নগরীর স্থানগুলিকে পুনর্গঠন এবং নাগরিকদের জীবনযাত্রার মান উন্নত করছে।

একটি প্রতিবেদন –

( ভয়েসকাস্ট – অভিরূপ)

oooooooooooooooooooo

সেব পর্ব কর্মসূচীর অধীনে আজ শুনবেন ডিজিটাল ইন্ডিয়ার ওপর বিশেষ আলোচনা। কলকাতার ন্যাশনাল ইনস্টিটিউট অফ ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনফরমেশন টেকনোলজির বিজ্ঞানী ডক্টর কল্যাণ বৈতালের সঙ্গে কথা বলেছেন, সন্দীপন দাশগুপ্ত। আলোচনাটি শোনা যাবে রাত সাড়ে ৯-টায় গীতাঞ্জলি ও ডিটিএইচ বাংলা পরিষেবা এবং আকাশবাণী সংবাদ কলকাতার সোশ্যাল মিডিয়া পেজ-এ।

oooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার ২৮ শে সেপ্টেম্বর আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৬-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই-গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

oooooooooooooooooooooo

সরকারি কর্মচারীদের মহার্ঘভাতা সংক্রান্ত মামলায় রাজ্য সরকার আজ সুপ্রিমকোর্টে লিখিত বক্তব্য জমা দিয়েছে ।দুই বিচারপতি সঞ্জয় কারোল ও বিপুল

মনুভাই পাঞ্চোলির বেঞ্চে আজ এই মামলার শুনানির সময়  রাজ্যের তরফে আইনজীবী কপিল সিব্বল জানান, অন্তত দশটি রাজ্যে উপভোক্তা মূল্য সূচক বা কনজিউমার প্রাইস ইনডেক্স মেনে ডিএ দেওয়া হয়না। আগামী সাতদিনের মধ্যে রাজ্য সরকারি কর্মচারীর পক্ষের আইনজীবীদের  লিখিত বক্তব্য সর্বোচ্চ আদালতে জমা দিতে বলেছেন বেঞ্চ। তারপর এই মামলার রায় ঘোষণা করা হবে।

উল্লেখ্য, গত ৮ ই সেপ্টেম্বর ডিএ মামলার শুনানি শেষ হয়। ঐ দিন সব পক্ষকে লিখিত আকারে তাদের বক্তব্য জমা দিতে বলেছিল আদালত।

০০০০০০০০০০০০০০০০০০০

২০১৬ সালের ৩২ হাজার  প্রাথমিক শিক্ষক নিয়োগ দুর্নীতি সংক্রান্ত মামলার শুনানিতে আজ ফের দুর্নীতির অভিযোগ তুললেন চাকরি প্রার্থীদের পক্ষের আইনজীবী বিকাশ রঞ্জন ভট্টাচার্য।
তিনি বলেছেন, ২০১৬ সালের প্রাথমিক শিক্ষক নিয়োগ দূর্নীতিতে  সিবিআই তদন্ত হয়েছে। একাধিক আধিকারিক জেলে রয়েছেন। সমস্ত নিয়মকে কার্যত নস্যাৎ করে দিয়ে এই নিয়োগ প্রক্রিয়া হয়েছে। আগামী পরশু ফের এই মামলার শুনানি।

০০০০০০০০০০০০০০০০০০০

বর্ধমান বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার পদ নিয়ে বিতর্কের জেরে উপাচার্যের পর এবার থানায় অভিযোগ দায়ের করলেন রেজিস্ট্রার সুজিত কুমার চৌধুরী। তিনি জানিয়েছেন, দোশরা সেপ্টেম্বর উচ্চ-শিক্ষা দফতর তাঁকে রেজিস্ট্রার পদে পুনর্বহালের যে নির্দেশ দেয়, সেই অনুযায়ী তিনি কাজে যোগ দেন ৯-ই সেপ্টেম্বর। অথচ আজ অফিসে গিয়ে তিনি দেখেন তালা ঝুলছে। এব্যাপারে তিনি অভিযোগ দায়ের করেন।

এর আগে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য শঙ্কর কুমার নাথও বর্ধমান থানায় অভিযোগ করেছিলেন, সুজিত চৌধুরী জোর করে রেজিস্ট্রারের পদ দখল করে রেখেছেন। তার কাছে এব্যাপারে উচ্চ-শিক্ষা দফতরের কোন লিখিত নির্দেশ আসেনি। সেকারণে রেজিস্ট্রারের সমস্ত দায়িত্ব তিনি সামলাচ্ছেন।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, অস্থায়ী রেজিস্ট্রারের পদত্যাগের পর প্রশাসনিক ও আর্থিক দায়িত্ব ছিল উপাচার্যের হাতে। সেক্ষেত্রে সুজিতবাবুর পুনর্বহাল নিয়ে প্রশ্ন উঠেছে। এর মধ্যে বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের এক ছাত্র রেজিস্ট্রারের নিয়োগ প্রক্রিয়া নিয়ে হাইকোর্টে মামলা দায়ের করায় পরিস্থিতি আরও জটিল হয়ে উঠেছে।

ooooooooooooooooo

কলকাতার আনন্দপুর থানা এলাকায় গুলশন কলোনীতে দুষ্কৃতী তান্ডব কান্ডে ধৃত মূল অভিযুক্ত ফিরোজ খান, ওরফে মিনি ফিরোজকে ২৮ শে সেপ্টেম্বর পর্যন্ত পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে। তাকে আজ আলিপুর আদালতে তোলা হয়।

গুলশন কান্ডে গতকালই দিল্লীর আজমেরী গেটের কাছ থেকে পাকড়াও করা হয় ফিরোজ খানকে ।

উল্লেখ্য, গত ১১ই সেপ্টেম্বর সন্ধ্যেবেলা একদল দুষ্কৃতী ঘনবসতিপূর্ন এলাকায় বেপরোয়াভাবে গুলি চালায়, দোকানপত্র ভাঙচুর করে। এই ঘটনায় পুলিশ আগেই তিনজনকে গ্রেফতার করে।

ooooooooooooooooo

উত্তর-পূর্ব বঙ্গোপসাগর ও সংলগ্ন এলাকায় সৃষ্ট ঘূর্ণাবর্তটি আজ নিম্নচাপ এলাকায় পরিণত হয়েছে। আগামী ২৪ ঘণ্টায় এটির উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হওয়ার কথা।

অন্যদিকে আগামী বৃহস্পতিবার ২৫-শে সেপ্টেম্বর , উত্তর বঙ্গোপসাগরের ওপর আরও একটি নিম্নচাপ এলাকা তৈরি হবার সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে। এরফলে প্রায় সারা সপ্তাহ দক্ষিণবঙ্গে বিক্ষিপ্তভাবে হাল্কা থেকে মাঝারি এবং কোথাও কোথাও ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

দক্ষিণ ২৪ পরগনা জেলায় আগামী ২৪ ঘন্টার জন্য কমলা সর্তকতা জারি করা হয়েছে। এছাড়া কলকাতা সহ উত্তর চব্বিশ পরগনা হাওড়া, হুগলি, পশ্চিম মেদিনীপুর ও পূর্ব বর্ধমান জেলায় রয়েছে হলুদ সতর্কতা।

উত্তরবঙ্গের মালদা এবং দুই দিনাজপুরে বজ্রবিদ্যুৎ সহ হাল্কা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে। উপকূলবর্তী এলাকায় ঘণ্টায় ৪৫ কিলোমিটারেরও বেশি বেগে ঝোড়ো হাওয়া বয়ে যাবে। ফলে সমুদ্র উত্তাল থাকার সম্ভাবনা। এর প্রেক্ষিতে মৎস্যজীবীদের আজ শুক্রবার ২৬ তারিখ পর্যন্ত বঙ্গোপসাগরে যেতে নিষেধ করা হয়েছে।

ঘূর্ণাবর্তের জেরে বৃষ্টির ফলে ঝাড়গ্রাম শহরের রাজ্য সড়কের উপর দিয়েই জল বইছে । হাঁটু সমান জলের ওপর দিয়ে সাধারণ মানুষ যাতায়াত করছে।।

ooooooooooooooooo

ইস্টবেঙ্গল, কলকাতা প্রিমিয়ার ডিভিশন লিগ ফুটবলে খেতাব জয় করেছে। নিজেদের মাঠে আজ প্রতিযোগিতার শেষ রাউন্ডের ম্যাচে ইস্টবেঙ্গল ২-১ গোলে ইউনাইটেড স্পোর্টস ক্লাবকে পরাজিত করে। ইস্টবেঙ্গলের পক্ষে ডেভিড লালহানসাঙ্গা ও শ্যামল বেসরা এবং ইউনাইটেড স্পোর্টসের অমিত বসাক গোল করেছেন। এই নিয়ে ইস্টবেঙ্গল ৪১ বার লিগ জয় করলো।

এদিকে, ম্যাচ শুরুর আগে গতবারের কলকাতা লিগ চ্যাম্পিয়ন ইস্টবেঙ্গলকে আইএফএ, র পক্ষ থেকে ট্রফি তুলে দেওয়া হয়। কলকাতার মেয়র,পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম ট্রফি তুলে দেন।

কলকাতা হাই কোর্ট জানিয়েছিল, গত বারের লিগ চ্যাম্পিয়ন হিসাবে ইস্টবেঙ্গলের নাম ঘোষণা করতে বাধা নেই। এরপর আইএফএ- ইস্টবেঙ্গলকে আনুষ্ঠানিক ভাবে গত বারের লিগের চ্যাম্পিয়ন ঘোষণা করে।

অন্য ম্যাচে, আজ বারাকপুর স্টেডিয়ামে সুরুচি সংঘ ৩-০ গোলে ইউনাইটেড কলকাতা এস সি, কে এবং কল্যাণী স্টেডিয়ামে ক্যালকাটা কাষ্টমস ২-০ গোলে ডায়মন্ড হারবার এফসি কে হারিয়ে দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০